

🗏 আল-ওয়াকিয়া | Al-Waqi'a | ٱلْوَاقِعَة

আয়াতঃ ৫৬:৩৩

আরবি মূল আয়াত:

لَّا مَقطُوعَةٍ قَّ لَا مَمنُوعَةٍ ﴿٣٣﴾

🗚 অনুবাদসমূহ:

যা শেষ হবে না এবং নিষিদ্ধও হবে না। — আল-বায়ান

যা কখনও শেষ হবে না, কক্ষনো নিষিদ্ধও হবে না। — তাইসিকল

যা শেষ হবেনা এবং যা নিষিদ্ধও হবেনা, — মুজিবুর রহমান

Neither limited [to season] nor forbidden, — Sahih International

৩৩. যা শেষ হবে না ও যা নিষিদ্ধও হবে না।(১)

(১) দুনিয়ার সাধারণ ফলের অবস্থা এই যে, মওসুম শেষ হয়ে গেলে ফলও শেষ হয়ে যায়। কোন ফল গ্রীম্মকালে হয় এবং মওসুম শেষ হয়ে গেলে নিঃশেষ হয়ে যায়। আবার কোন ফল শীতকালে হয় এবং শীতকাল শেষ হয়ে গেলে ফলের নাম-নিশানাও অবশিষ্ট থাকে না। কিন্তু জান্নাতের প্রত্যেক ফল চিরস্থায়ী হবে- কোন মওসুমের মধ্যে সীমিত থাকবে না। এমনিভাবে দুনিয়াতে বাগানের পাহারাদাররা ফল ছিড়তে নিষেধ করে কিন্তু জান্নাতের ফল ছিড়তে কোন বাধা থাকবে না। [ইবন কাসীর; বাগভী, কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

(৩৩) যা শেষ হবে না ও নিষিদ্ধও হবে না। [1]

[1] অর্থাৎ, এই ফলগুলো এমন মৌসমী ফল হবে না যে, মৌসম শেষ হয়ে গেলেই এই ফলগুলো আগামী মৌসম পর্যন্ত বিলুপ্ত হয়ে যাবে। ফলগুলো এ ধরনের ফুল-মুকুলের ঋতুর অধীনস্থ হবে না। বরং তা সদা-সর্বদা পাওয়া যাবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5012

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন